

রূপসা উপজেলা পরিষদের ২০১৯-২০ অর্থ বছরের উন্মুক্ত পরিকল্পনা ও বাজেট সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব মোঃ কামাল উদ্দীন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপসা, খুলনা।

তারিখঃ ২৬/০৫/২০১৯ ইং, সময়ঃ ০৯.৩০ টা।

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট-‘ক’

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অধ্যকার সভায় জনাব মোঃ আব্দুল্লাহ যোবায়ের, ভাইস চেয়ারম্যান, জনাব ফারহানা আফরোজ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপসা, খুলনা, ইউ.পি চেয়ারম্যান, মেম্বর, উপজেলা পর্যায়ের বিভিন্ন বিভাগের কর্মকর্তা, সাংবাদিকবৃন্দ, এনজিও প্রতিনিধি, ব্যাংক প্রতিনিধি, শিক্ষকবৃন্দসহ অনেক গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

আলোচনাঃ ১। সভাপতি জানান বিগত ২৬/০৫/২০১৯ ইং তারিখের উপজেলা পরিষদের মাসিক সভায় রূপসা উপজেলার ২০১৯-২০ অর্থ বছরের বাজেট পেশ করা হয়। এছাড়া ১২/০৪/২০১৯ ইং তারিখের উপজেলা পরিষদের মাসিক সভায় উক্ত বাজেটের খসড়া উপস্থাপন করা হয়।

সিদ্ধান্তঃ ১২/০৪/২০১৯ ইং তারিখের উপজেলা পরিষদের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---------|---|---|----------------------|
| ২। | <p>উপজেলা পরিষদের ২০১৯-২০ অর্থ বছরের বাজেট সংক্রান্তঃ</p> <p>সভাপতি জানান, উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ৩৮ ধারা যথাযথ অনুসরণপূর্বক রূপসা উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের সমন্বয়ে বিগত বছরের আয়-ব্যয়ের তথ্যাবলীসহ নির্ধারিত ছকে রূপসা উপজেলা পরিষদের ২০১৯-২০ অর্থ বছরের বাজেট প্রস্তুত করা হয়েছে। তিনি উহা সভায় পেশ করেন। তিনি জানান ১২/০৪/১৯ ইং তারিখের উপজেলা পরিষদের মাসিক সভায় খসড়া বাজেট পেশ করা হয়। উক্ত সভায় খসড়া বাজেট সংক্রান্তে কোন মতামত থাকলে তা সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে অনুরোধ করা হয়। কিন্তু কোন মতামত পাওয়া যায়নি। এমতাবস্থায়, ২৬/০৫/২০১৯ ইং তারিখের উপজেলা পরিষদের মাসিক সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত খসড়া বাজেট অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(২) তিনি বর্নিত বাজেট অধ্যকার সভায় পেশ করেন এবং বাজেট সংক্রান্ত কাহার কোন অভিমত থাকলে তা ব্যক্ত করতে আহ্বান করেন। তৎপ্রেক্ষিতে নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ তাঁদের অভিমত ব্যক্ত করেনঃ-</p> <p>(ক) জনাব মোঃ তরিকুল ইসলাম ডালিম, সাধারণ সম্পাদক, রূপসা প্রেস ক্লাব জানান, রূপসা প্রেস ক্লাব এবং কয়েকটি মসজিদ সংস্কার করার প্রস্তাব দেন।</p> <p>(খ) এ্যাডঃ তরন চক্রবর্তী বিষ্ণু, সভাপতি, রূপসা প্রেস ক্লাব বাংলা ১৪২৫ সনের হাট বাজার ইজারাদাবন্দ আয়ের চেয়ে বাংলা ১৪২৬ সনের ইজারালব্দ আয় কম হওয়ার বিষয়ে জানতে চান। এবিষয়ে আলোচনা হয়।</p> <p>(গ) জনাব খান আঃ জব্বার (শিবলী), সাংবাদিক, দৈনিক নওয়াপাড়া জানান যে, পুটিমারি গ্রামের বেশ কিছু কলভার্ট নির্মাণ করা প্রয়োজন। আঠারবেকী নদীর উপর পুটিমারী ঘাটে একটি ব্রীজ করা আও প্রয়োজন। তিনি আগামী অর্থ বছরে বর্নিত কাজগুলি সরেজমিনে পরিদর্শন করে জনস্বার্থে প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p> | <p>১। উপজেলা পরিষদের সার্বিক উন্নয়ন কর্মকান্ডকে আরো গতিশীল করে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের ক্ষেত্রে উপজেলা প্রশাসন, রূপসা, খুলনা কর্তৃক গৃহীত এ পদক্ষেপকে সভার পক্ষ থেকে স্বাগত জানানো হয় এবং উপস্থাপিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং তা উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>২) বিধি মোতাবেক বাজেট অনুযায়ী ২০১৯-১৬ অর্থ বছরে প্রকল্প বাস্তবায়ন কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রূপসা, খুলনাকে অনুরোধ করা হয়।</p> <p>৩। বাজেট অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরে প্রকল্প বাস্তবায়নকল্পে উপজেলার কমিটির সদস্য-সচিববৃন্দকে যথাযথ সভা অনুষ্ঠান করে সভার কার্যবিবরণী দাখিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।</p> | <p>সংশ্লিষ্ট সকল</p> |

অন্তঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



(মোঃ কামাল উদ্দীন)
সভাপতি

উপজেলা পরিষদ মাসিক সভা ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপসা, খুলনা।
তারিখঃ _____ খিঃ _____

স্মারক নং ০৫.৪৪.৪৭৭৫.০৭.০০২.২০১৯-০৩ (০৩)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

- ১। জনাব আব্দুস সালাম মর্শেদী, মাননীয় সংসদ সদস্য, ১০২-খুলনা-৪।
- ২। জনাব মোঃ আব্দুল্লাহ যোবায়ের, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপসা, খুলনা।
- ৩। জনাব ফারহানা আফরোজ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপসা, খুলনা।


(মোঃ ইলিয়াছুর রহমান)


উপজেলা নির্বাহী অফিসার
রূপসা, খুলনা।

তারিখঃ _____ খিঃ _____

স্মারক নং ০৫.৪৪.৪৭৭৫.০৭.০০২.২০১৯-০৩ (০৩)

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

- ১। জেলা প্রশাসক, খুলনা।
- ২। উপজেলা অফিসার, রূপসা, খুলনা।
- ৩। চেয়ারম্যান, আইচগাতী/শ্রীফলতলা/নৈহাটা/টিএসবি/ঘাটভোগ ইউ.পি, রূপসা, খুলনা।
- ৪।, রূপসা, খুলনা।



(মোঃ ইলিয়াছুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
রূপসা, খুলনা।